বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত

বার্ষিক প্রতিবেদন ২০১৬

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বর্তমান সরকারের সময়ে ২০১৬ সালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থার ইনোভেশন টিম কর্তৃক অর্জিত সাফল্যের প্রতিবেদন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মাদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত করা হয়। বার্ষিক প্রতিবেদন নিম্নরূপ:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:

১। ইনোভেশন টিমের সভা: ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে এবং অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

২। কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা: কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য এ মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে অংশগ্রহণ: ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত গত ১৯ অক্টোবর ২০১৬ থেকে ২১ অক্টোবর ২০১৬ ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬-তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম আগত দর্শনার্থীগণের সন্মুখে উপস্থাপন করা হয়।

৪। নতুন ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং কাগজের ব্যবহার কমে গেছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় প্রথম থেকেই ই-ফাইলিং সিস্টেম ব্যবহার করে আসছে এবং গত ১৭ জুলাই ২০১৬ তারিখ থেকে এটুআই প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত নতুন ই-ফাইলিং সিস্টেম ব্যবহার শুরু করছে।

৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়সহ অধীনস্থ সংস্থাসমূহ নতুন ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তিকরণ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনেক পূর্বেই জাতীয় তথ্য বাতায়নের অধীন নতুন ওয়েব পোর্টাল উদ্বোধন করা হয়। পরবর্তী সময়ে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সকল অধীন সংস্থাসমূহকে ন্যাশনাল ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়।

৬। ই-জিপি বাস্তবায়নঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ইলেকট্রনিক প্রকিউরমেন্ট বাস্তবায়ন করেছে। এখন সকল কেনা-কাটার টেন্ডার সিপিটিইউ কর্তৃক প্রদত্ত ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

৭। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নেটওয়ার্ক সংস্কারকরণ: মন্ত্রণালয়ের পুরনো নেটওয়ার্কের LAN ও Wi-Fi সংস্কার করায় মন্ত্রণালয়ে দাপ্তরিক কার্যাবলী সহজে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

৮। সেবামুখী কার্যক্রম: অত্র মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের ফলে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিভিন্ন আদেশ, বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি কর্মকর্তা, গবেষক, ছাত্র-ছাত্রী এবং গবেষণামূলক প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে বিষয়টি জানতে পারছেন।

৯। মাল্টিমিডিয়ার ব্যবহার: মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্পসমূহের মিটিং, দ্বিপাক্ষিক চুক্তি, প্রশিক্ষণ সহজে উপস্থাপন করার জন্য মাল্টিমিডিয়ার ব্যবহার প্রবর্তন করা হয়েছে।

১০। Online Application System on National Science and Technology Fellowship সফটওয়্যারটিতে এডমিন প্যানেল সংযোজন: Online Application System on National Science and Technology Fellowship সফটওয়্যারটিতে এডমিন প্যানেলে সংশ্লিষ্ট শাখার দু'জন ব্যবহারকারীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে সংশ্লিষ্ট শাখা এখন রিপোর্ট অনলাইনেই প্রস্তুত করতে সক্ষম এবং সময়ের সাশ্রয় হয়।

১১। ইন্টারনেটের ব্যান্ডউইথ বৃদ্ধিঃ মন্ত্রণালয়ের ইন্টারনেটের ব্যবহার ১০ এমবিপিএস থেকে ২৮ এমবিপিএস-এ বৃদ্ধি করা হয়েছে।

১২। ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপন: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপন করা হয়েছে। এতে সহজেই যে কেউ অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারবেন।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:

১। গত ১৯-২১ অক্টোবর অনুষ্ঠিত ডিজিটাল ওয়ার্ল্ড - ২০১৬ মেলায় অংশগ্রহণ। উক্ত মেলা চলাকালীন সময়ে বুকলেট বিতরণ ও কমিশনের কার্যক্রমের উপর ডকুমেন্টারী প্রর্দশন করা হয়।
২। সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুসারে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের একটি ফেসবুক পেজ খোলা হয়েছে (www.facebook.com/baecbd) এবং ফেসবুক পেজ নিয়মিত আপডেট করার জন্য টিম গঠন করা হয়েছে।
৩। গত ২৪/০২/২০১৬ তারিখে কমিশনের ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়। ২০১৬ সালে বাপশক ইনোভেশন টিম কর্তৃক ৫টি সভা আয়োজন করা হয়েছে।
৪। BanglaGovNet প্রকল্পের অধীনে বাপশক প্রধান কার্যালয়ের ৩য় তলার সভাকক্ষে একটি ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন করা হয়েছে। যার আইপি এড্রেস ১৭২.৩০.২৫৪.২০৩।
৫। baec.gov.bd ডোমেইনে এ প্রতিষ্ঠানে কর্মরত বিজ্ঞানীদের জন্য অফিসিয়াল ইমেইল একাউন্ট চালু করা হয়েছে।
৬। NINMAS এর রোগী সেবা সহজতর করার জন্য করা হয়েছে। INMAS-Dhaka ও INMAS-Mitford এর জন্য অনলাইন সেবা চালুর কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
৭। বাপশক ওয়েবসাইট ও প্রশিক্ষণ ডাটাবেজ নিয়মিত ভাবে আপডেট করা হয়েছে।
৮। বাপশক প্রধান কার্যালয় এবং এইআরই এর Internet Bandwidth যথাক্রমে ৫৪ ও ৬০ এমবিপিএস -এ উন্নীত করা হয়েছে। ব্রডব্যান্ড ইন্টারনেট ও ওয়াই-ফাই সুবিধাদি বৃদ্ধি করা হয়েছে।

বাংলাদেশর বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):

১. বিসিএসআইআর প্রদত্ত ২২টি নাগরিক সেবার মধ্যে ০৮টি সেবার সার্ভিস প্রোফাইল তৈরি করা হয়েছে।
২. বর্তমানে বিসিএসআইআর-এর বিশ্লেষণ সেবা অনলাইন করা হয়েছে। ই-টেন্ডারিং ও ই-ফাইলিং সেবা অনলাইন করা হচ্ছে। পরবর্তী বছর থেকে বিজ্ঞান মেলা আয়োজন ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের গবেষণা (থিসিস) সুপারভিশন অনলাইন করার উদ্যোগ নেয়া হয়েছে।
৩. ২০১৬ সালে বিসিএসআইআর-এর ইনোভেশন টিম মোট ১৩টি সভার আয়োজন করেছে। প্রতি মাসে কমপক্ষে একটি সভা করা হয়েছে।
৪. বিসিএসআইআর-এর বিদ্যমান ইন্টারনেট ব্যান্ডউইথ ১৬ এমবিপিএস হতে ১০০ এমবিপিএস করা হয়েছে।
৫. বিসিএসআইআর-এর কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৬. বিসিএসআইআর-এর গবেষণা ও উন্নয়ন কার্যাবলীর পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরি করতে গবেষণা সমন্বয়কারীর দপ্তরকে সহযোগিতা করা হচ্ছে।
৭. বিসিএসআইআর-এর ওয়েবসাইট উত্তোরোত্তর উন্নয়ন ও তথ্যবহুল করার চেষ্টা করা হচ্ছে। বিসিএসআইআর-এর অধীনস্থ ইউনিটসমূহ পৃথক পৃথক ওয়েবসাইট তৈরি করেছে।
৮. জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত আইসিটি অ্যাকশান প্লান-এর যথাযথ বাস্তবায়ন করার উদ্যোগ নেয়া হয়েছে।
৯. বিসিএসআইআর-এ সীমিত পর্যায়ে ই-ফাইলিং পদ্ধতি চালু করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
১০. তথ্য আদান প্রদানের ক্ষেত্রে বিসিএসআইআর-এর সকল পর্যায়ে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহারকে উৎসাহিত করা হচ্ছে।
১১. কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে ইউনিকোডের ব্যবহারকে উৎসাহিত করা হচ্ছে এবং দাপ্তরিক কাজে বাধ্যতামূলকভাবে ব্যবহার করা হচ্ছে।
১২. বিসিএসআইআর-এর কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হচ্ছে। এ ব্যাপারে সরকারি বিধিমালা অনুসরণ করা হচ্ছে।
১৩. রাষ্ট্রীয়ভাবে গৃহিত আইসিটি সংক্রান্ত বিভিন্ন মেলায় বিশেষ করে ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬ প্রোগ্রামে বিসিএসআইআর অংশগ্রহণ করেছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:

১। ইনোভেশন টিমকে গতিশীল করার লক্ষ্যে নতুন নিয়োগকৃত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে।
২। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ইনোভেশন টিমের মাসিক সভা আয়োজন করা হয়েছে।
৩। দক্ষ জনবল তৈরির জন্যঃ

ক) ২০১৬ সালে ৩৬ ঘন্টার ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে;
খ) প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান বিসিসি, এন এ পি ডি, আর পি এ টি সি, সি পি টি ইউ –তে ১১ জন কর্মচারীর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;
গ) ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য ২ জন কর্মচারীর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

৫। ৩৭ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশগ্রহণকারী সকল উদ্ভাবনসমূহ বিস্তারিত বর্ণনা সহযোগে একটি প্রতিবেদন প্রকাশ করা হয়েছে, যা বিভিন্ন মন্ত্রণালয় ও উদ্ভাবকদের মাঝে বিতরণ করা হয়েছে;
৬। ত্রৈমাসিক পত্রিকা 'নবীন বিজ্ঞানী' এর ৪ টি সংখ্যা প্রকাশ করা হয়েছে;
৭। ওয়েবপোর্টালকে হালনাগাদ ও আকর্ষণীয় করা হয়েছে;
৮। চারটি অনলাইন সুবিধা ফর্ম চালু করা হয়েছে ;
৯। বিদ্যমান ওয়াইফাই এর গতি ৫ mbps থেকে বৃদ্ধি করে ১৫ mbps করা হয়েছে;
১০। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রায় ৫০ টি পোস্ট করা হয়েছে, ফলে সুবিধাভোগীদের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি পেয়েছে;
১১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও উদ্ভাবনী কার্যক্রম বেগবান করার জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ইনোভেশন ল্যাব স্থাপন সম্পন্ন হয়েছে এবং দুই প্রতিষ্ঠান যৌথভাবে উপযুক্ত ইনোভেশনের প্রায়োগিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
১২। মিউজুবাসকে ওয়াইফাই এর আওতায় আনা হয়েছে;
১৩। প্রতিবন্ধী দর্শকদের গ্যালারি পরিদর্শনের সুবিধার্তে ৫ টি হুইল চেয়ারের ব্যবস্থা করা হয়েছে;
১৪। জাদুঘরের তথ্য সহজে দর্শকদের কাছে উপস্থাপনের জন্য ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও ফ্রন্ট ডেস্ক স্থাপন করা হয়েছে;
১৫। সংস্থার কর্মকর্তা ও শাখা ভিত্তিক ৩২ টি ডোমেইন মেইল চালু করা হয়েছে;
১৬। মিডিয়ায় প্রচারের জন্য ভিডিও এবং অডিও তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;

১৭। প্রচারের জন্য জাদুঘরের ২ টি ভিডিও ইউটিউব এবং ওয়েবে প্রকাশ করা হয়েছে;
১৮। দর্শকদের জন্য ডিজিটাল কুইজের আয়োজন করা হয়েছে;
১৯। `Smart floor' শীর্ষক Interactive display চালু করা হয়েছে;
২০। বিদ্যমান প্রদর্শনীসমুহের হালনাগাদ সংরক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে ;
২১। অ্যাস্ট্রোঅলিম্পিয়াড ও একটি জাতীয় অ্যাস্ট্রোঅলিম্পিয়াড যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে আয়োজন করা হয়েছে;
২২। মিউজু বাসের মাধ্যমে ১৩২ টি ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর অয়োজন করা হয়েছে।

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক):

১। জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মোট ২৩টি ই-বুক প্রস্তুত করে ব্যান্সডক ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
২। জানুয়ারি-ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মোট ৫টি ই-বুক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
৩। সংগৃহীত তথ্য প্রতি মাসের ১ম সপ্তাহে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
৪। প্রতি সপ্তাহে একবার ওয়েব সাইট হাল নাগাদ কাজ সম্পন্ন করা হয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মরত জনবলকে তথ্য প্রযুক্তি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।
২। নভোথিয়েটারের প্রশাসনিক এরিয়াসহ অফিসের সকল এলাকায় WiFi স্থাপনের ব্যবস্থা করা হয়েছে।
৩। নভোথিয়েটারের টিকেটিং সিস্টেম আধুনিকায়ন ও কম্পিউটারাইজড করা হয়েছে।
৪। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল প্রদর্শনী ও রাইড উপভোগের জন্য অত্যাধুনিক কম্পিউটারাইজড টিকেটিং ব্যবস্থা চালু করা হয়েছে।
৫। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা সহজীকরণের জন্য ভিতরে একটি টিকেট কাউন্টার স্থাপন করা হয়েছে।
৬। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ই-সেবা হিসাবে অনলাইন টিকেটিং সিস্টেম চালু করা হয়েছে।
৭। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক হাজিরা চালু করা হয়েছে।
৮। নভোথিয়েটারের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টাল (http://novotheatre.portal.gov.bd) এর অধীনে সংযুক্ত করা হয়েছে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা অব্যাহত আছে।
৯। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা সহজীকরণের জন্য মোবাইলে অ্যাপ চালু করা হয়েছে। (অ্যান্ড্রয়েড অ্যাপটি গুগল Playstore থেকে download করা যাবে। আপনার মোবাইলের Playstore App টি open করে "নভোথিয়েটার" লিখে search করলেই অ্যাপটি download ও install করা যাবে)

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:

১। সার্ভিস ইনোভেশন ফান্ড এর আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)-এর সেবাদান প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে এটুআই প্রোগ্রাম এর সহযোগিতায় "e-licensing & e-learning System of BAERA" শীর্ষক একটি প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অনলাইন ভিত্তিক সেবা ব্যবস্থা চালুকরণের মাধ্যমে জনগণ উপকৃত হবে, সর্বোপরি কর্তৃপক্ষ তথা সরকারের উপর জনগণের আস্থা বাড়বে। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের Request For Proposal (RFP) মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।

২। বাপশনিক এর ওয়েবসাইটে (www.baera.gov.bd) এ অভিযোগ ও পরামর্শ সংক্রান্ত সেবা অনলাইনে চালু করা হয়েছে। এই সেবা চালুকরণের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সাধারণ জনগণ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)-এর যেকোন সেবা সম্পর্কে যেকোন পরামর্শ বা অভিযোগ অনলাইনে করতে পারবেন।

৩। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Site Licence সংক্রান্ত বিষয়ে বাপশনিক-এর গৃহীত কার্যক্রম সম্পর্কে একটি অডিও-ভিজ্যুয়াল ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। গত ২১ শে জুন ২০১৬ খ্রি. তারিখে হোটেল সোনারগাঁওে এ অনুষ্ঠিত Site Licence Ceremony তে ডকুমেন্টারিটি প্রদর্শন করা হয়েছে। এছাড়া, গত ১৯-২১অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত ''ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬'' প্রোগ্রামে উক্ত ডিজিটাল ডকুমেন্টারি প্রদর্শন করা হয়েছে। ডকুমেন্টারিটি এ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.baera.gov.bd) আপলোড করে সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে।

৪। ''ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬'' প্রোগ্রামে বিতরণের জন্য বাপশনিক এর একটি লিফলেট তৈরী করা হয়েছে।''ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬'' প্রোগ্রামে বাপশনিক এর লিফলেট বিতরণ করা হয়েছে।

৫। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের আওতায় জাতীয় তথ্য বাতায়নের অধীন অত্র প্রতিষ্ঠানের ওয়েবপোর্টাল (baera.portal.gov.bd) টি নিয়মিত হালনাগাদ ও সমৃদ্ধকরণ করা হচ্ছে। সেবা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি (বাপশনি আইন-২০১২, পানিবিনি বিধিমালা ১৯৯৭, কর্মকর্তাদের তালিকা ও যোগাযোগের নম্বরসহ, সকল প্রকার নোটিস, সিটিজেন চার্টার, টেন্ডার বিজ্ঞপ্তি, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ইত্যাদি) অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.baera.gov.bd) প্রকাশ এর মাধ্যমে স্টেকহোল্ডাররা খুব সহজেই কর্তৃপক্ষের সার্বিক কর্মকান্ড সর্ম্পকে অবহিত হতে পারছেন।

ন্যাশনাল ইনিস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি):

১। এনআইবি কর্তৃক আয়োজিত ১০ দিন ব্যাপী ' Advanced Training on Biotechnology' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে ৩ জন বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। দক্ষতা বৃদ্ধির জন্য বিষয়ভিত্তিক আরো প্রশিক্ষণ কোর্স আয়োজনের কার্যক্রম চলমান আছে।

২। বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি চালনা ও কাজ সংশ্লিষ্ট প্রযুক্তি বিষয়ে এনআইবি'র বৈজ্ঞানিক সহকারীদের ৫ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়।

৩। এনআইবি'র কর্মচারী (১০তম- ১৯তম গ্রেড) দের 'বেসিক কম্পিউটার এন্ড ইন্টারনেট এপ্লিকেশন' শিরোনামে ০২ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়।

৪। এনআইবি'তে জাতীয় ই-সেবা সিস্টেম চালুর জন্য দিন ব্যাপী একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়। উক্ত সিস্টেম বাস্তবায়নের জন্য চাহিদা মোতাবেক অরগানোগ্রাম মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ করা হয়েছে।

৫। এনআইবিতে আইসিটি সেল খোলার জন্য প্রয়োজনীয় জনবলের কাঠামো এনআইবি'র প্রশাসন শাখায় জমা দেয়া হয়েছে।

৬। এনআইবিতে সকল বিজ্ঞানীসহ প্রয়োজনীয় সকলের জন্য কম্পিউটারের সংস্থানের নিমিত্ত প্রয়োজনীয় তালিকা প্রস্তুত করা হয়েছে। বাজেট সমন্বয় সাপেক্ষে পর্যায়ক্রমে প্রয়োজনীয় সকলের জন্য কম্পিউটারের সংস্থান করা হচ্ছে।

৭। এনআইবি'র গবেষকসহ দেশ বিদেশের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণ চলমান রয়েছে।

৮। প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ের আইসিটি শাখায় নিয়মিত প্রেরণ করা হয়েছে।

৯। গত ১৮-২০ অক্টোবর ২০১৬ সালে বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত 'ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৬' তে এনআইবি অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় এনআইবি'র গবেষণা কার্যক্রমের ভিডিওসহ আইসিটি সংক্রান্ত কার্যক্রম আগত দর্শনার্থীগণের সন্মুখে উপস্থাপন করা হয়েছে।

১০। এনআইবি-তে 20Mbps গতিসম্পন্ন উচ্চগতির ইন্টারনেট সেবা চালু করা হয়েছে।

১১। জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) বিষয়ে সিপিটিইউ কর্তৃক আয়োজিত গত ১-৩ ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে এনআইবি'র ৪ জন কর্মচারী (৯ম গ্রেড ও তদূর্দ্ধ) অংশগ্রহণ করেছে। উক্ত পোর্টালে অন্তর্ভুক্তির জন্য নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি সিপিটিইউ বরাবর প্রেরণ করা হয়েছে।